

হলে সিটের দাবিতে জাবি উপাচার্যের বাসভবন ঘেরাও ছাত্রীদের

জাবি প্রতিনিধি

২৩ জুলাই ২০২৩ ০৯:৫২ পিএম | আপডেট: ২৪ জুলাই ২০২৩ ০১:০৮ এএম

101

Shares



জাবি উপাচার্যের বাসভবনের সামনে ছাত্রীরা। ছবি: আমাদের সময়

advertisement..

অবিলম্বে আবাসিক হলে আসনের দাবিতে উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান নিয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ছাত্রীরা।

আজ রোববার রাত আটটায় খালেদা জিয়া হল, প্রীতিলতা হল ও শেখ হাসিনা হলের ছাত্রীরা বিক্ষেপ মিছিল নিয়ে উপাচার্যের বাসভবনের সামনে গিয়ে অবস্থান নেয়।

এসময় ছাত্রীদের ‘আমরা থাকি গণরামে-ভিসি স্যার কি করে’ ও ‘দাবি মোদের একটাই অবিলম্বে সিট চাই’ স্লোগান দিতে দেখা যায়।

৫০ ব্যাচের শিক্ষার্থী সুমাইয়া আক্তার রূপে বলেন, ‘আমরা দীর্ঘ এক বছর ধরে গণরামে অবস্থান করছি। নতুন হলগুলো প্রস্তুত থাকলেও এখনো চালু করা হচ্ছে না। কবে চালু হবে সেটাও স্পষ্ট করে বলা হয়নি। গণরামে আমাদের পড়ালেখা ব্যাহত হচ্ছে। তাই আমরা দ্রুত সিট চাই।’

৫১ ব্যাচের শিক্ষার্থী সোহাগী সামিয়া বলেন, ‘গত কয়েক বছরের তুলনায় অনেক বেশি গরম পড়েছে। এরমধ্যে ছাত্রীরা অপর্যাপ্ত ফ্যান, জানালার অভাবে একই রুমে ৯০-৯৫ জন মেঝেতে থাকে। অসংখ্য শিক্ষার্থী বিভিন্ন রোগে অসুস্থ হয়ে পড়েছে। তাই আমরা বাধ্য হয়ে ৭ দিনের মধ্যে সিটের দাবিতে এখানে এসেছি।’

আজ রাত নয়টায় উপাচার্যের বাসভবনের সামনে উপস্থিত হন বিশ্ববিদ্যালয়ের প্রফেসর আ স ম ফিরোজ উল হাসান, রেজিস্ট্রার আবু হাসান ও খালেদা জিয়া হলের প্রভোস্ট অধ্যাপক শারমিন সুলতানা।

খালেদা জিয়া হলের প্রভোস্ট অধ্যাপক শারমিন সুলতানা বলেন, ‘ছাত্রীদের সমস্যা নিয়ে তো আমার সঙ্গে আগে বলতে হবে। আমরা তাদের সমস্যা সমাধান করে দিব। কিন্তু তা না করে উপাচার্যের বাসভবনের সামনে চলে এসেছে। আমরা সংকট দূর করার জন্য চেষ্টা চালাচ্ছি।’

প্রফেসর আ স ম ফিরোজ উল হাসান বলেন, ‘আমরা তোমাদের সিট সংকট দূর করার জন্য সর্বোচ্চ চেষ্টা করছি। কিন্তু লোকবল সংকটের কারণে চালু করা যাচ্ছে না। আমরা বিভিন্ন হল থেকে লোকবল নিয়ে নতুন হল চালু করেছি। ইতোমধ্যেই ছাত্রীরা নতুন হলে উঠেছে। তাদেরও সিটের ব্যবস্থা হবে। ধৈর্য ধরতে হবে।’

তবে ছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর বা হল প্রভোস্টের সঙ্গে কোন প্রকার আলোচনা করবে না বলে জানিয়েছে। সর্বশেষ রাত সাড়ে নয়টায় এ প্রতিবেদন লেখা পর্যন্ত অবস্থান কর্মসূচি চলছে।

101
Shares